# হেত্বাভাস

01.12.2021

Course : CC-1
1st Semester
Pranab Kirtunia
Assistant Professor
Department of Philosophy
Bejoy Narayan Mahavidyalaya
West Bengal

# হেত্বাভাস

সব্যভিচার হেত্বাভাস তিন প্রকার -
সাধারণ সব্যভিচার হেত্বাভাস,
অসাধারণ সব্যভিচার হেত্বাভাস ও
অনুপসংহারী সব্যভিচার হেত্বাভাস ।

# হেত্বাভাস

অনুমান সম্পূর্ণরূপে হেতুর উপর নির্ভরশীল। তাই সঠিক অনুমানের ক্ষেত্রে সৎ হেতু অবশ্যই হতে হবে। আমরা জানি সৎ হেতুর পাঁচটি বৈশিষ্ট্য আছে- পক্ষসত্ব বিপক্ষ সত্ত্ব অবাধত্ব, অবাধিত, অসৎ প্রতিপক্ষত্ব , । এই পাঁচটি বৈশিষ্ট্যের মধ্যে কোন একটি বৈশিষ্ট্য যদি অনুপস্থিত থাকে তবে সৎ হেতু হবে না– সেক্ষেত্রে হেত্বাভাস দেখা দেবে।

# হেত্বাভাস

হেতুর মত কিন্তু প্রকৃত হেতু নয় তাই হল হেত্বাভাস । অর্থাৎ দোষযুক্ত হেতু হল হেত্বাভাস । যেহেতু হেতুর উপর নির্ভরশীল অনুমান তাই হেতু যদি দোষযুক্ত হয় তাহলে অনুমান বৈধ হতে পারে না। আমরা দেখেছি যে হেত্বাভাস হলে বস্তুগত সত্যতার অভাব দেখা দেয় । পাঁচ প্রকার হেত্বাভাস। সব্যভিচার হেত্বাভাস , বিরুদ্ধ হেত্বাভাস , সৎপ্রতিপক্ষ হেত্বাভাস, অসিদ্ধ হেত্বাভাস এবং বাধিত হেত্বাভাস ।

# হেত্বাভাস


**সব্যভিচার হেত্বাভাস:** আমরা দেখেছি বৈধ অনুমানের ক্ষেত্রে হেতুর থেকে সাধ্যের ব্যাপকতা সর্বদাই বেশি। কখনোই সাধ্য থেকে হেতু বেশি ব্যাপক হতে পারে না। হেতু সাধ্য অপেক্ষা বেশি ব্যাপক হলে হেতু দোষযুক্ত হয়। এক্ষেত্রে সব্যভিচার হেত্বাভাস হয়। উদাহরণস্বরূপ- যদি পাহাড়ে আগুন দেখে, পাহাড়ে ধোঁয়া অনুমান করা হয় তাহলে সব্যভিচার হেত্বাভাস হয়। অর্থাৎ এখানে হেতু হচ্ছে 'আগুন' এবং সাধ্য হচ্ছে 'ধোঁয়া'।

# হেত্বাভাস

কিন্তু আমরা জানি আগুন ধোঁয়া অপেক্ষা বেশি ব্যাপক। কারণ যেখানে ধোঁয়া (সাধ্য) আছে সেখানে আগুন (হেতু) আছে আবার এমনও জায়গা আছে যেখানে ধোঁয়া (সাধ্য) নেই সেখানেও আগুন (হেতু) আছে । সেইজন্য এই দোষযুক্ত হেতুকে সব্যভিচার হেত্বাভাস বলা হয়।

# হেত্বাভাস

1) সাধ্য (ধোঁয়া) আছে, হেতু (আগুন) আছে।



# হেত্বাভাস

২) সাধ্য (ধোঁয়া) নেই, হেতু (আগুন) আছে।



image taken from https://www.google.com

# হেত্বাভাস

আমরা ধোঁয়া দেখে আগুনকে অনুমান করতে পারি। কিন্তু আগুনকে দেখে ধোঁয়াকে অনুমান করতে পারি না। যদি অনুমান করি সেক্ষেত্রে অনুমান বৈধ নাও হতে পারে অর্থাৎ যথার্থ জ্ঞান নাও দিতে পারে অনুমান। কারণ আমরা দেখতে পাচ্ছি ধোঁয়া থাকলে সেখানে আগুন থাকছে আবার ধোঁয়া যেখানে নেই সেখানেও আগুন আছে। অতএব ধোঁয়া থাকলে আগুন থাকবেই অর্থাৎ ধোঁয়া উপস্থিতির ওপর ভিত্তি করে আগুনকে অনুমান করা যায়।

# হেত্বাভাস

কিন্তু আগুনের উপস্থিতির ওপর ভিত্তি করে ধোঁয়ার উপস্থিতি  অনুমান করা যায় না।  কারণ আগুন ধোঁয়া অপেক্ষা ব্যাপক।  এই কারণে যে যেখানে যেখানে ধোঁয়া আছে সেখানে সেখানে আগুন আছে আবার এমন অনেক জায়গা আছে যেখানে ধোঁয়া নেই অথচ আগুন আছে অর্থাৎ আগুনের অস্তিত্বের ব্যাপকতা ধোঁয়ার  অস্তিত্বের ব্যাপকতা থেকে বেশি অর্থাৎ যে যে অধিকরণে ধোঁয়া থাকে সেই অধিকরণে আগুনে থাকে কিন্তু এমন অনেক উদাহরণ আছে যে অধিকরণে ধোঁয়া নেই অথচ আগুন আছে ।

# হেত্বাভাস

**উদাহরণস্বরূপ আমরা দেখলাম  তপ্ত লোহায় আগুন আছে কিন্তু  ধোঁয়া নেই।**



image  taken from https://www.google.com

# হেত্বাভাস

অর্থাৎ যদি এমন কোন অনুমান করা হয় যেখানে হেতুর থেকে সাধ্য কম ব্যাপক হয় অর্থাৎ সাধ্য অপেক্ষা হেতু বেশি ব্যাপক হয় সেখানেই  সব্যভিচার হেত্বাভাস  হয়।

# হেত্বাভাস

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

1) হেত্বাভাস কাকে বলে?
2) হেত্বাভাস কয় প্রকার ও কি কি?
3) সব্যভিচার হেত্বাভাস কাকে বলে?

# ধন্যবাদ